

দশমিনায় ১টি স্কুলে কেউ পাশ করেনি

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ১২ জুলাই ২০২৫



পটুয়াখালীর দশমিনা উপজেলার আলীপুরা ইউনিয়নের পূর্ব আলীপুর গ্রামের পূর্ব আলীপুরা মাধ্যমিক বিদ্যালয় থেকে চলতি বছরে এস.এস.সি পরীক্ষায় ৮ জন পরীক্ষায় অংশগ্রহণ করে কেউ পাশ করেনি। গত ১০ জুলাই বরিশাল শিক্ষা বোর্ডের এস.এস.সির ফলাফলে দেখা যায় বিদ্যালয়টির ৮ জন পরীক্ষার্থীর সবাই অকৃতকার্য হয়। এই নিয়ে এলাকায় চাঞ্চল্য ও ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। জানা যায়, বিদ্যালয় থেকে এই বছর মানবিক বিভাগে ১০ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করলেও পরীক্ষায় ৮ জন অংশগ্রহণ করে। কিন্তু কেউ পাশ করতে পারেনি। বিদ্যালয়টির প্রধান শিক্ষক মো. শামীম হোসেন জিলানী বলেন, স্কুলে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের কোন শিক্ষক নেই। ফলে পাঠদান করতে সমস্যা হয়। প্রতিনিধি, দশমিনা (পটুয়াখালী)